

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা ও দায়রা জজ-এর কার্যালয়, নাটোর  
natore.judiciary.gov.bd

আদেশ নং-১৯৯

তারিখ-০৪/১১/২০২৫ খ্রিঃ।

### নিয়োগ আদেশ

নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটির ০৪/১১/২০২৫ খ্রিঃ তারিখের ৭৫৬ নং স্মারকমূলে 'সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর' পদে নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি কর্তৃক মেধাক্রমানুসারে নিম্নবর্ণিত প্রার্থীকে নিয়োগ প্রদানের সুপারিশ করায় তাকে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে 'সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর' পদে জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুসারে ১১,০০০-২৬,৫৯০/- টাকা স্কেলে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হল।

ক্রঃ নং	নাম ও ঠিকানা	পদের নাম ও কর্মস্থল
১।	জনাব মোঃ আব্দুর রাজ্জাক বিপ্লব পিতা- মোঃ রমজান আলী সাং- খটশিংগা, ডাকঘর- পীরগঞ্জ উপজেলা- ঠাকুরগাঁও, জেলা- ঠাকুরগাঁও।	সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর যুগ্ম জেলা জজ ১ম আদালত, নাটোর।

সংশ্লিষ্ট সকলকে অবগত করানো হোক।

#### নিয়োগের শর্তাবলি-

- যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে।
- নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণ যোগদানের তারিখ হতে ০২(দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তার/তাদের আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই, তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ দর্শানো ব্যতিরেকে/বিনা নোটিশে তার/তাদের চাকরি অবসান ঘটাতে পারবেন।
- নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণকে চাকুরিতে যোগদানের সময় অবশ্যই সিভিল সার্জন, নাটোর কর্তৃক প্রদত্ত ডোপ টেস্টসহ স্বাস্থ্যগত সনদ দাখিল করতে হবে।
- নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণের পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশি প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশি তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণকে আগামী ০৫/১১/২০২৫ খ্রিঃ তারিখ হতে আগামী ১৩/১১/২০২৫ খ্রিঃ তারিখ অফিস সময়ের মধ্যে তার/তাদের নামের পাশে বর্ণিত দপ্তরে যোগদান করতে হবে। উক্ত তারিখের মধ্যে যোগদান না করলে তার/তাদের নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, নির্ধারিত সময়ে সংশ্লিষ্ট পদে যোগদান করতে ব্যর্থ হলে অথবা উল্লেখিত শর্তাবলি পূরণ করতে ব্যর্থ হলে কারণ দর্শানো ব্যতিরেকে/বিনা নোটিশে উক্ত পদ শূন্য ঘোষণাক্রমে অপেক্ষমান তালিকা থেকে শূন্যপদ পূরণ করা হবে।



(শেখ মোঃ নাসিরুল হক)  
সিনিয়র জেলা ও দায়রা জজ  
নাটোর।

০৪/১১/২০২৫ খ্রিঃ।

তারিখ-০৪/১১/২০২৫ খ্রিঃ।

স্মারক নং- ডিজে/নাট/৩৮৮(৬)জি।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। যুগ্ম জেলা জজ-১ম আদালত, নাটোর।
- ২। ভারপ্রাপ্ত জজ, হিসাব শাখা, জেলা জজ আদালত, নাটোর।
- ৩। সিভিল সার্জন, নাটোর।
- ৪। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, নাটোর।
- ৫। জনাব মোঃ আব্দুর রাজ্জাক বিপ্লব  
পিতা- মোঃ রমজান আলী  
সাং- খটশিংগা, ডাকঘর- পীরগঞ্জ  
উপজেলা- ঠাকুরগাঁও, জেলা- ঠাকুরগাঁও।
- ৬। আদেশ বই/অফিস কপি।



(শেখ মোঃ নাসিরুল হক)  
সিনিয়র জেলা ও দায়রা জজ  
নাটোর।

০৪/১১/২০২৫ খ্রিঃ।